আপনাকে সৃষ্টি করা হয়েছে নিজের ইচ্ছায় আল্লাহর আনুগত্য ও ইবাদত করার জন্য অপরদিকে আল্লাহর অন্যান্য সৃষ্টির ইবাদত ও আনুগত্য ছাড়া আর কোন বিকল্প নাই কারন তাদেরকে কোন ইচ্ছাশক্তি দেওয়া হয় নাই। আপনি যদি আল্লাহর আনুগত্য না করেন তাহলে আপনি আনুগত্য করবেন লোকের মতামতের যাতে করে তারা আপনাকে পছন্দ করে, অথবা আনুগত্য করেবেন সম্পদের, লোকের ভয়, শয়তান, নিজের অহংকার, কামনা ও আত্মগরিমাকে।

আপনাকে তৈরী করা হয়েছে সৃষ্টিকর্তার ইবাদত করার জন্য, যদি তাতে ব্যর্থ হন তাহলে এর মানে নয় যে আপনি ইবাদত অথবা কারও আনুগত্য করবেন না বরং আপুন তখন সৃষ্টিকর্তাকে বাদ দিয়ে ইবাদত ও আনুগত্য করবেন নিজের, শয়তানের, মানুষের, মিথ্যা খোদার যা কিনা খুবই অপমানজনক এমনকি নিজের কাছেও বেইজ্জতি।

যদি আপনি আল্লাহর আনুগত্য করেন তাহলে অন্যান্য সৃষ্টি, পৃথিবী, পরকাল, ফেরেস্তা এমনকি বেহেস্ত আপনার আনুগত্য করবে। অপরদিকে যদি আপনি আল্লাহকে ভুলে যান ও তাঁর অবাধ্য হন তাহলে শয়তান , দুনিয়া ও দোযখ আপনাকে তাদের গোলাম বানাবে।

আল্লাহর আনুগত্য ও ইবাদত এবং আপনার জীবনের উদ্দেশ্য পুর্ন করতে পারেন নিম্নের চারটি গুনাবলী অর্জন করার মাধ্যমে:
১. প্রথমত আল্লাহর আইন ও আদেশ মোতাবেক জীবন যাপন করতে হবে এবং প্রত্যেকটি ক্ষেত্রে ও অবস্থায় আল্লাহর আদেশকে প্রাধান্য দিতে হবে এমনকি পুরো দুনিয়াও যদি আপনার বিপক্ষে যায়।

২. দ্বিতীয়ত, দুনিয়ার যাবতীয় মিথ্যা ও কুসংস্কৃতি বাদ রাসুলুল্লাহ ﷺ এর দেখানো রীতি-নীতিকে প্রাধান্য দিতে হবে এবং তাঁর দেখানো জীবন ধারা দিয়ে নিজের জীবনকে সাজাতে হবে।

৩. তৃতীয়ত, সকল সৃষ্টির প্রতি সহানুভুতির মাধ্যমে তাদের অধিকান পুরন করতে হবে, তাদের সম্মান দিতে হবে, তাদের যাতে অসুবিধা না হয় সেদিকে খেয়াল রাখতে হবে এবং ইসলামের দাওয়াত পৌছাঁনোর মাধ্যমে তাদের এই দুনিয়া ও পরবর্তী জীবনকে ভাল করার জন্য চেষ্টা করতে হবে।

৪. চতুর্থত, জীবনের প্রতিটি মুহুর্তে আল্লাহকে স্মরন করতে হবে ও তাঁর উপস্থিতি অন্তরে বজায় রাখতে হবে এবং ইহা সবসময় মনে রাখতে হবে আল্লাহ আমাকে দেখছেন, শুনছেন ও আমার সঙ্গেই আছেন। একজনকে এমনভাবে জীবন যাপন করতে হবে যেন সে আল্লাহকে দেখতে পাচ্ছে এবং নিশ্চিতভাবেই আল্লাহ তার সকল অবস্থা প্রত্যক্ষ করছেন।

এই বইটি হচ্ছে জীবনের ব্যবহারিক বিধি যা একজনকে পদ্ধতি অনুসারে উপরে বর্নিত গুনাবলী অর্জন করতে সহায়তা করবে। জীবনের সর্বাবস্থায় , বিয়ে শাদী, বৈধ কাজ কারবার ও পড়াশুনা সবকিছু চালিয়ে রেখে এই বইয়ের নির্দেশনা অনুসরন করা যায়। আল্লাহর সন্তুষ্টির পথে এই চমকপ্রদ ভ্রমন শুরু করার জন্য ব্যক্তিগত নির্দেশনা বিনামুল্যে দেওয়া হয়।

zawiyah.org
info@zawiyah.org
zawiyahorg
ShaykhAhmadDabbagh

MUHAMMADIYAH
PUBLICATIONS

ISBN 978-1-56581-231-4
9 781565 812314

আল্লাহর সন্তুষ্টি ও নৈকট্য লাভের দিকে যাত্রা

আহমদ দাব্বাগ

আল্লাহর সন্তুষ্টি ও নৈকট্য লাভের দিকে যাত্রা



শায়েখ আব্দুল আযীয আদ-দাব্বাগ ﵀
এর উপদেশ ও শিক্ষা অবলম্বনে প্রণীত

আহমদ দাব্বাগ

মুহাম্মাদীয়াহ
পাবলিকেশন্স